

## কারমাইকেল কলেজের জামায়াতপন্থি আরো ৫ কর্মচারির বদলি রংপুর ছাড়তে অধ্যক্ষকে হুমকি

৥ রংপুর, সবেদাদাতা ৥

রংপুর কারমাইকেল কলেজে সুবিংস ঘটনার সংশ্লিষ্টতার অভিযোগে জামায়াতপন্থি আরও ৫ কর্মচারীকে বদলি করা হয়েছে। এ নিয়ে শিক্ষকসহ ১০ জনকে বদলি করা হলো। এদিকে কলেজ অধ্যক্ষ হুসেইন ড. দীপকেন্দ্র নাথ দাসকে শিবির ক্যাডারদের হুমকি এখনও অব্যাহত রয়েছে। জানা গেছে, গতকাল বৃহস্পতিবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে আসা চিঠিতে বদলির আদেশপ্রাপ্ত কর্মচারীদের ৯ মার্চের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে যোগদানের নির্দেশ দেয়া হয়েছে। বদলির আদেশপ্রাপ্ত ৫ কর্মচারীর মধ্যে মর্তিন মিল্লাকে চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়ে, আপডাব হোসেনকে লক্ষীপুর সরকারি কলেজে, আবদুল জব্বারকে ভোলা সরকারি কলেজে, জাহাঙ্গীর আলমকে শিবচর বরহামগঞ্জ সরকারি কলেজে ও মোবারক হোসেনকে ফরিদপুর টিচার্স ট্রেনিং কলেজে বদলি করা হয়েছে।

এদিকে কারমাইকেল কলেজের জামায়াতপন্থি শিক্ষক আবদুর রব মওলকে ১০ মাস আগে বদলি করা হয়। তিনি এখন মালমনিরহাটের পাটমাঝ সরকারি সিসিম ইন্ডিয়ান আবদুল গনি কলেজের অধ্যক্ষ পদে দায়িত্ব পালন করছেন। তবে কারমাইকেল কলেজে থাকাকালীন তার নামে বরাদ্দকৃত বাসাটি এখনও নিজ দখলে রেখেছেন। অতীতের গতকাল শিক্ষা মন্ত্রণালয় অধ্যক্ষ বরাবর এক চিঠিতে আগামী এক সপ্তাহের মধ্যে আবদুর রব মওলকে তার দখলে রাখা বাসাটি ছেড়ে দেয়ার নির্দেশ দিয়েছে। কলেজ অধ্যক্ষ ডা. দীপকেন্দ্র নাথ দাস জানান, শিক্ষক কর্মচারীদের বদলির ব্যাপারে আমার কোন সংশ্লিষ্টতা না থাকার পরও আমাকে হত্যার হুমকি দেয়া হচ্ছে। গতকালও তাকে রংপুর ছেড়ে যাওয়ার জন্য মোবাইলে হুমকি দেয়া হয়েছে বলে তিনি অভিযোগ করেন।